দৈনিক বাংলা
বাংলাদেশ তথ্য
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 23 NOV 1988
পৃষ্ঠা ... কলাম ...

044

# বিভিন্ন বোর্ডের পাসের হারে তারতম্য : তদন্ত কমিটি

(স্টাফ রিপোর্টার)

বিভিন্ন বোর্ডের পরীক্ষায় পাসের হারে ব্যাপক তারতম্যের কারণ নিরূপণের জন্য একটি উচ্চ ক্ষমতা সম্পন্ন তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটি এসএসসি ও এইচএসসি পরীক্ষা সংক্রান্ত বিভিন্ন অভিযোগেরও তদন্ত করবে।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদফতরের মহাপরিচালককে চেয়ারম্যান করে এই তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটিতে অন্যান্যের মধ্যে দেশের চারটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যানরাও রয়েছেন।

নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে, কমিটি অন্যান্য বিষয়ের মধ্যে এস-

( ৩-এর পৃঃ দ্রঃ )

ঢাকা, বুধবার, ৭ই অগ্রহায়ণ, ১০

## বিভিন্ন বোর্ডের

(১-এর পৃঃ পর)

এসসি ও এইচএসসি পরীক্ষায় পাসের তারতম্যের কারণ বিভিন্ন গ্রুপের মেধা তালিকাভুক্তদের প্রাপ্ত নম্বরের অসংগতি, পরীক্ষার ফল প্রকাশ হওয়ার আগে জানাজানি হওয়ার কারণ, শহর ও গ্রামাঞ্চলের পরীক্ষার্থীদের ফলের ব্যাপক ব্যবধানের উৎস, কেন কোন কেন্দ্রে অব্যাহতভাবে প্রতি বছর টোকাটুকি, একটি বোর্ডের এসএসসি ও এইচএসসি পরীক্ষায় প্রথম স্থান অধিকারীকে নিয়ে অভিযোগ পাল্টা অভিযোগ, প্রধান পরীক্ষকের অতিরিক্ত নম্বর সুষ্ঠুভাবে বন্টন হয় কিনা ইত্যাদি পুঙ্খানুপুঙ্খভাবে তদন্ত করে দেখবে।

শিক্ষা মন্ত্রণালয় বিভিন্ন মহল থেকে প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে এই কমিটি গঠন করেছে। কমিটিকে বিশেষ করে এবারের এইচএসসি পরীক্ষায় ফলে চারটি বোর্ডের ব্যাপক তারতম্যের কারণ অবিলম্বে নিরূপণ করে সমস্যা সমাধানের জন্য সুপারিশ করতে বলা হয়েছে।

উল্লেখ্য যে এবার যশোর বোর্ডের এইচএসসি পরীক্ষায় পাসের হার দেশের অন্য তিনটি বোর্ডের পাসের হার অপেক্ষা অনেক কম। একযোগে প্রকাশিত পাসের হারে দেখা যায় যশোর বোর্ডের পাসের হার শতকরা ২৮ দশমিক ২৯, ঢাকা বোর্ডের পাসের হার ৫৭ দশমিক ৭৫, কুমিল্লা বোর্ডে ৫৯ দশমিক ৭০ এবং রাজশাহী বোর্ডে ৪ দশমিক ৬২ ভাগ।